# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৬৩/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ১৮ ফেব্রুয়ারি ২০১৮, ৬ ফাল্গুন ১৪২৪**

১। প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন

২। রাজধানীতে আজ শুরু হচ্ছে চা প্রদর্শনী : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৩। সর্বত্র ব্যাংকিং সেবা ছড়িয়ে দিতে হলে ব্যাংকের শাখা বাড়াতে হবে : অর্থমন্ত্রী

৪। ২০৪১ সালে বাংলাদেশ হবে বিশ্বের উন্নত একটি দেশ : বাণিজ্যমন্ত্রী

৫। প্রতি জেলা সদর হাসপাতালে সিসিইউ ও ডায়ালাইসিস ইউনিট স্থাপন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

৬। উচ্চ শিক্ষায় সেশনজট নিরসনে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো ভূমিকা রাখছে : শিক্ষামন্ত্রী

৭। 'মুজিব ৪ : দিল্লি অভিযান' গ্রাফিক নভেলের মোড়ক উন্মোচন
বঙ্গবন্ধুর জীবনাদর্শ শিশুদের কাছে পৌঁছে দেওয়া হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৮। গত ৪৫ বছরে ধান উৎপাদন তিনগুণের বেশি বেড়েছে : বিবিএস প্রতিবেদন

চলমান পাতা-২

**১। প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালি ও ভ্যাটিকান সিটিতে ৪ দিনের সরকারি সফর এবং আবুধাবিতে যাত্রা বিরতি শেষে দেশে ফিরেছেন। আবুধাবি আন্তর্জাতিক বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী ইতিহাদ এয়ারওয়েজের ফ্লাইটটি গতকাল (১৭ ফেব্রুয়ারি শনিবার) রাত ৮টা ১৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা প্রধানমন্ত্রীকে আবুধাবি আন্তর্জাতিক বিমানবন্দরে বিদায় জানান। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**২। রাজধানীতে আজ শুরু হচ্ছে চা প্রদর্শনী : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ থেকে আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় শুরু হচ্ছে তিন দিনব্যাপী বাংলাদেশ চা প্রদর্শনী-২০১৮। বাংলাদেশ চা বোর্ডের উদ্যোগে আয়োজিত প্রদর্শনীটি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া উদ্বোধন অনুষ্ঠানে চায়ের একটি ক্লোন জাত (বিটি-২১) অবমুক্ত করা হবে। একই সঙ্গে চা শিল্পসংশ্লিষ্ট বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার দেওয়া হবে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

**৩। সর্বত্র ব্যাংকিং সেবা ছড়িয়ে দিতে হলে ব্যাংকের শাখা বাড়াতে হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ব্যাংকারদের প্রধান কাজ কেওয়াইসি (নো ইউর কাস্টমার) পদ্ধতি পরিপালন করা। কাকে ঋণ দেওয়া হচ্ছে, তাকে আগে চিনতে হবে। এমনকি যার মাধ্যমে প্রকল্পের প্রস্তাব আসছে তাকেও চিনতে হবে। মন্ত্রী বলেন, যাচাই-বাছাই ছাড়া কোনো প্রকল্পে ঋণ দেওয়া যাবে না। ব্যাংকে একটি গোষ্ঠী থাকা দরকার, যারা প্রকল্প যাচাই-বাছাই করবে। তিনি আরও বলেন, সর্বত্র ব্যাংকিং সেবা ছড়িয়ে দিতে হলে ব্যাংকের শাখা বাড়াতে হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**৪। ২০৪১ সালে বাংলাদেশ হবে বিশ্বের উন্নত একটি দেশ : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আগে আমাদের রফতানি আয় ছিল ৩৪৮ মিলিয়ন ডলার, রফতানিযোগ্য পণ্য ছিল মাত্র ৩টি। আজকে আমরা ২৯৯টি দেশে ৭৪০টি পণ্য রফতানি করছি। এ বছর আমাদের রফতানি আয় হবে ৩৭ বিলিয়ন ডলার। ২০২১ সালে বাংলাদেশ হবে ডিজিটাল মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালে হবে বিশ্বের উন্নত একটি দেশ। গতকাল (১৭ ফেব্রুয়ারি শনিবার) নারায়ণগঞ্জের বন্দরের বঙ্গশাসন এলাকায় পারটেক্স কেবলস ফ্যাক্টরির আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৫,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৫)।

**৫। প্রতি জেলা সদর হাসপাতালে সিসিইউ ও ডায়ালাইসিস ইউনিট স্থাপন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রতি জেলা সদর হাসপাতালে কিডনি ডায়ালাইসিস ইউনিট এবং হৃদরোগীদের জন্য করনারি কেয়ার ইউনিট (সিসিইউ) স্থাপন করা হবে। গতকাল (১৭ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশনে বাংলাদেশ ইউরোলজি সোসাইটি আয়োজিত আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। মন্ত্রী বলেন সারা বিশ্বের মতো বাংলাদেশেও সম্প্রতি কিডনি রোগের প্রকোপ বেড়েছে। জেলা পর্যায়ে কিডনি ডায়ালাইসিস ইউনিট স্থাপন করার মাধ্যমে রোগীরা নিজ জেলায় সেবা পাবেন। সংকটাপন্ন রোগীকেও জেলা পর্যায়ে সিসিইউ সুবিধা দেওয়ার ব্যবস্থা করা হবে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৬। **উচ্চ শিক্ষায় সেশনজট নিরসনে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো ভূমিকা রাখছে : শিক্ষামন্ত্রী**

উচ্চ শিক্ষায় সেশনজট নিরসনে দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো বিশেষ ভূমিকা রাখছে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল (১৭ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৩)।

৭। **'মুজিব ৪ : দিল্লি অভিযান' গ্রাফিক নভেলের মোড়ক উন্মোচন**
**বঙ্গবন্ধুর জীবনাদর্শ শিশুদের কাছে পৌঁছে দেওয়া হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বঙ্গবন্ধুর জীবনাদর্শ শিশুদের কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ অব্যাহত রাখা হবে। বঙ্গবন্ধুকে নিয়ে যত আলোচনা ও চর্চা হবে মানুষের মাঝে, দেশপ্রেম তত জাগ্রত হবে। উন্নত, সমৃদ্ধ দেশ গড়তে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে যার যার অবস্থান থেকে অবদান রাখতে হবে। গতকাল (১৭ ফেব্রুয়ারি শনিবার) বাংলা একাডেমি প্রাঙ্গণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে চিত্রিত গ্রাফিক নভেল 'মুজিব ৪ : দিল্লি অভিযান' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এসব কথা বলেন। এ সময় তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক ও বঙ্গবন্ধুর দৌহিত্র সিআরআই'র ট্রাস্টি রেদোওয়ান মুজিব সিদ্দিক ববি বক্তব্য রাখেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৮। **গত ৪৫ বছরে ধান উৎপাদন তিনগুণের বেশি বেড়েছে : বিবিএস প্রতিবেদন**

দেশে প্রধান খাদ্য ধান ও গম উৎপাদন ৪৫ বছরের ব্যবধানে তিনগুণের বেশি বেড়েছে। ১৯৭০-৭১ অর্থবছরে বাংলাদেশে ধান ও গম খাদ্যশস্য উৎপাদন হয়েছিল ১ কোটি ৯ লাখ ৭৮ হাজার মেট্রিক টন। ২০১৪-১৫ অর্থবছর শেষে খাদ্য উৎপাদন বেড়ে দাঁড়িয়েছে ৩ কোটি ৬০ লাখ ৫৮ হাজার টনে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) খাদ্যশস্য নিয়ে করা প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** চতুর্থ প্রজন্মের নেটওয়ার্ক ফোরজি সেবা চালু হতে যাওয়ায় স্বাগত জানিয়ে এর সেবার মান যেন যুগোপযোগী ও সাশ্রয়ী হয় সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** দক্ষিণ-ইউরোপের মাল্টায় অফশোর কোম্পানি খোলার নামে অর্থপাচারের অভিযোগে ২০ বাংলাদেশি নাগরিকের নাম এসেছে–এ খবরে উদ্বেগ প্রকাশ করে অর্থপাচার রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **ভোরের কাগজ :** সরকারি হিসেবে রাজধানীর বাতাসে ধূলাবালি সহনীয় মাত্রার তিনগুন বেশি থাকার তথ্যে উদ্বেগ প্রকাশ করে দূষণ প্রতিরোধে পরিবেশ সংরক্ষণ আইনের যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো, ইনকিলাব :** ঢাকা-মহানগরে ইমারত নির্মাণ ও ব্যবহারের জন্য সুনির্দিষ্ট বিধিবিধান থাকলেও তা যথাযথভাবে মেনে চলা হয় না উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দৃষ্টি দেওয়ার আহ্বান।

ঙ. **সমকাল :** পটুয়াখালীর দুমকী উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষ সংকটের কারণে খোলা আকাশের নিচে ক্লাস করছে শিক্ষার্থীরা উল্লেখ করে সারাদেশে বিদ্যালয়ের এ ধরনের দুর্দশা লাঘবে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

চ. **নিউ এজ :** গণপরিবহণে যাতায়াতের ক্ষেত্রে নারীদের নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান ।

ছ. **ডেইলি স্টার, যায়যায়দিন :** রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসন দ্রুত করার পাশাপাশি ফিরে যাওয়া রোহিঙ্গাদের সেদেশে নাগরিক সুবিধা নিশ্চিতে আন্তর্জাতিক সম্প্রদায়কে উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সৃজনশীল তারুণ্য বিকাশে ইন্টারনেটের ব্যবহার সহজলভ্য করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'জাতীয় চেতনা জাগরণে বইমেলা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে– প্রতিবছর অমর একুশে গ্রন্থমেলা আমাদের বই পড়ার প্রবণতাকে জাগিয়ে দিয়ে যায়।

#

শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘণ্টা